

প্রাথমিকের বৃত্তি পরীক্ষার ফল মঙ্গলবার

নিজস্ব প্রতিবেদক

২৬ ফেব্রুয়ারি ২০২৩

১০:৫৫ পিএম | আপডেট:

২৭ ফেব্রুয়ারি ২০২৩

১২:১৯ এএম

14
Shares



প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের লোগো। ছবি: সংগৃহীত

advertisement

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষার ফল আগামী মঙ্গলবার প্রকাশ করা হবে। তবে, পরিস্থিতি অনুকূলে থাকলে আগামীকাল সোমবার ফল প্রকাশ করা হতে পারে।

আজ রোববার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, আগামী দুই-এক দিনের মধ্যে প্রাথমিকের বৃত্তি পরীক্ষার ফল প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে বৃত্তি পরীক্ষার ফল পাওয়া যাবে। এছাড়া, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকেও বৃত্তির ফল জানা যাবে।

advertisement

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শাহ রেজওয়ান হায়াত বলেছেন, দুই-এক দিনের মধ্যে বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হবে। তবে, আগামী মঙ্গলবার ফল প্রকাশের সম্ভাবনা বেশি।

advertisement 4

এবার প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে বৃত্তি পাবে সাড়ে ৮২ হাজার ৫০০ শিক্ষার্থী। এর মধ্যে ট্যালেন্টপুলে ৩৩ হাজার এবং সাধারণ গ্রেডে ৪৯ হাজার ৫০০ শিক্ষার্থী বৃত্তি পাবে। ট্যালেন্টপুলে বৃত্তির ক্ষেত্রে উপজেলাভিত্তিক প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সংখ্যার ভিত্তিতে মোট বৃত্তির ৫০ শতাংশ ছাত্র এবং ৫০ শতাংশ ছাত্রীকে মেধা অনুসারে দেওয়া হবে। ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্তরা মাসিক ৩০০ টাকা এবং সাধারণ গ্রেডে বৃত্তিপ্রাপ্তরা মাসিক ২২৫ টাকা করে পাবেন।

গত ৩০ ডিসেম্বর প্রাথমিকের শিক্ষার্থীদের বৃত্তি পরীক্ষা হয়। দীর্ঘ ১৩ বছর পর আলাদাভাবে বৃত্তি পরীক্ষায় বসে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা। সারা দেশে বিভিন্ন কেন্দ্রে এ পরীক্ষা হয়েছে। এতে অংশ নিয়েছে প্রায় ৬ লাখ শিক্ষার্থী। পরীক্ষা শুরু হয় সকাল ১০টায়। শেষ হয় দুপুর ১২টায়।

বাংলা, অংক, ইংরেজি, বিজ্ঞান বিষয়ে ১০০ নম্বরের পরীক্ষায় অংশ নেয় শিক্ষার্থীরা। প্রাথমিক সমাপনী পরীক্ষা বন্ধ থাকায় এই পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত নেয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। স্কুলের বার্ষিক মূল্যায়ন পরীক্ষার মাধ্যমে প্রতিটি স্কুল থেকে ২০ শতাংশ শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নেয়।